

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট  
(ইস্যু প্রশাসন শাখা)  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
Website : www.bb.org.bd

ডিসিএম পরিপত্র নং- ২/২০১৬

৩১ জানুয়ারী, ২০১৬  
১৮ মাঘ, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

৫০০ ও ১০০০ টাকা মূল্যমান নোটের প্যাকেট স্ট্যাপলিং করা প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, তফসিলী ব্যাংকসমূহ ৫০০ ও ১০০০ টাকা মূল্যমানের নোটের প্যাকেটে অনেক ক্ষেত্রে একাধিক স্ট্যাপলিং পিন ব্যবহার করছে এবং নোট প্যাকেটের বিভিন্ন স্থানে যথোচ্ছভাবে স্ট্যাপলিং করছে। ফলে একদিকে গ্রাহকগণ যথাযথভাবে নোটসমূহ যাচাই করে নিতে পারছেন না অন্যদিকে নোটের গুণগত মানসহ স্থায়িত্ব দ্রুত হ্রাস পাচ্ছে।

নোটের স্থায়িত্ব ও স্বকীয়তা বজায় রাখতে এবং গ্রাহকদের সুবিধার্থে ৫০০ ও ১০০০ টাকা মূল্যমানের নোটের প্যাকেটের বাম দিকের মাঝখান হতে ১-১.৫ সেন্টিমিটারের মধ্যে ১টি মাত্র স্ট্যাপলিং পিন ব্যবহার করতে নির্দেশনা প্রদান করা হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত



(পরিমল চন্দ্র চক্রবর্তী)

উপমহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৩২

E-mail: [parimal.chakraborty@bb.org.bd](mailto:parimal.chakraborty@bb.org.bd)